**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 05-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**C.M–Bramhakunda Mela :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মোহনপুর মহকুমার সিমনার ব্রহ্মকুন্ডে তিন দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন। অশোকাষ্টমী উপলক্ষে আয়োজিত এই মেলা ও প্রদর্শনীর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মেলার মধ্যে দিয়ে মেলবন্ধন দৃঢ় হয়। রাজ্য সরকারের এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরার আদর্শ এই ধরনের মেলার মধ্যে দিয়ে সার্থকতা লাভ করবে। তিনি বলেন, ব্রহ্মকুন্ডের ধর্মীয় মাহাত্ম্য রয়েছে। এই ব্রহ্মকুন্ডের উন্নয়নে রাজ্য বাজেটে ১৪ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। রাজ্যের জাতি উপজাতির সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে ধরে রাখতে এই ধরনের উৎসবের গুরুত্ব রয়েছে বলে মন্তব্য করেন তিনি।

***************************

**PM–BIMSTEC :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বিমসটেক-এ প্রতিষ্ঠান ও সক্ষমতা বৃদ্ধির জন্য ভারতের নেতৃত্বে বেশ কয়েকটি উদ্যোগের ঘোষণা করেছেন। ব্যংককে ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করে শ্রী মোদী উল্লেখ করেছেন যে ভারতে দুর্যোগ ব্যবস্থাপনা, সুস্থায়ী সামুদ্রিক পরিবহন, ঐতিহ্যবাহী চিকিৎসা এবং কৃষিতে গবেষণা ও প্রশিক্ষণের জন্য বিমসটেক উৎকর্ষ কেন্দ্র স্থাপন করা হবে। তিনি তরুণদের দক্ষতা বৃদ্ধির জন্য একটি নতুন কর্মসূচি – বোধির ঘোষণা করেছেন যার অধীনে পেশাদার, শিক্ষার্থী, গবেষক, কূটনীতিক এবং অন্যান্যদের প্রশিক্ষণ এবং বৃত্তি প্রদান করা হবে। তিনি ডিজিটাল পাবলিক পরিকাঠামোতে আঞ্চলিক চাহিদা মূল্যায়নের জন্য ভারতের একটি পাইলট গবেষণা এবং এই অঞ্চলে ক্যান্সারের চিকিৎসার

জন্য একটি সক্ষমতা বৃদ্ধির কর্মসূচির প্রস্তাবও দিয়েছেন। বৃহত্তর আঞ্চলিক অর্থনৈতিক একীকরণের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী প্রতিবছর ভারতে বিমসটেক চেম্বার অফ কমার্স প্রতিষ্ঠা এবং বিমসটেক ব্যবসায়িক শীর্ষ সম্মেলন আয়োজনের প্রস্তাব দিয়েছেন।

**************************

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে টিআইএফটি ওয়ার রুমে আগরতলা ডেন্টাল কলেজের নতুন ভবন এবং হোস্টেল নির্মাণ সংক্রান্ত বিষয়ে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয়। তিনি কলেজটি পরিচালনায় প্রতিটি বিষয়ে ডেন্টাল কাউন্সিল অফ ইন্ডিয়ার নির্দেশিকা মেনে চলার উপর গুরুত্ব আরোপ করেন।

*************************

**Basanti Puja :**

আজ অষ্টমী। চিরাচরিত ঐতিহ্য মেনে আগরতলার দুর্গাবাড়িতে বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে। গতকাল সপ্তমী তিথির পূজোয় দুর্গাবাড়িতে বহু পুন্যার্থীর উপস্থিতি পরিলক্ষিত হয়। রাজ্যের বিভিন্ন ক্লাব ও বাড়িঘরে বাসন্তী পূজোর আয়োজন করা হয়েছে।

**************************

**PM, Thailand :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী থাইল্যান্ডের ব্যাঙ্ককে বিমস্টেক শীর্ষ সম্মেলনের ফাঁকে গতকাল বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের মুখ্য উপদেষ্টা মহম্মদ ইউনুসের সঙ্গে সাক্ষাৎ করেন। গণতান্ত্রিক, সুস্থায়ী, শান্তিপূর্ণ, উন্নত এবং অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গড়ে তুলতে ভারতের সমর্থনের কথা তিনি পুনরায় ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী দুই দেশের মানুষের মধ্যে সু-সম্পর্কের কথা তুলে ধরেন এবং বাংলাদেশের সঙ্গে বাস্তব-ভিত্তিক, ইতিবাচক ও গঠনমূলক সম্পর্ক গড়ে তুলতে ভারতের সদিচ্ছার কথা ব্যক্ত করেন। সীমান্তে বিশেষত

রাতে অবৈধ অনুপ্রবেশ রুখতে কঠোর আইন বলবৎ করার উপর জোর দেন প্রধানমন্ত্রী।

***************************

**Beti Bachao Beti Padhao :**

বেটি বাঁচাও, বেটি পড়াও প্রকল্পের কারণে লিঙ্গ অনুপাত ২০১৪-১৫ সালে ৯১৮ থেকে বেড়ে ২০২৩-২৪-সালে ৯৩০-এ পৌঁছেছে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। লোকসভায় এক লিখিত জবাবে, কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, ২০১৫ সাল থেকে এই অনুপাত কমতে থাকে। এর প্রেক্ষিতে নারী ক্ষমতায়নের কথা মাথায় রেখে সংশ্লিষ্ট প্রকল্পটি চালু করা হয়। নারীদের অনুপ্রাণিত ও ক্ষমতাসম্পন্ন করাও এই প্রকল্পের অন্যতম কারণ।

******************************

**Waqf Bill :**

সংসদের উভয় কক্ষের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করা হয়েছে। এর সঙ্গে সংসদের বাজেট অধিবেশন গতকাল শেষ হয়েছে। এই অধিবেশন গত ৩১শে জানুয়ারী শুরু হয়েছিল। লোকসভায় সমাপ্তি ভাষণে, অধ্যক্ষ ওম বিড়লা উল্লেখ করেন যে বাজেট অধিবেশনে নিম্নকক্ষ ১৬টি বিল পাস করেছে। এর আগে, সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, রাজ্যসভায় ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ নিয়ে ১৭ ঘন্টারও বেশি আলোচনা হয়েছে, যা ইতিহাসে সর্বোচ্চ। তিনি বলেন, লোকসভায়ও বিলটির উপর প্রায় ১৪ ঘন্টা আলোচনা হয়েছে। তিনি বলেন যে, সমস্ত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করে আইনটি পাস করা হয়েছে।

**************************

**Santirbazar-Meeting :**

প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলার আগাম প্রস্তুতি নিতে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসকের কার্যালয়ে মহকুমা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

পৌরহিত্য করেন মহকুমা শাসক মনোজ কুমার সাহা। সভায় কালবৈশাখীর সময়ে মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায় কি কি ব্যবস্থা নেওয়া যেতে পারে তা নিয়ে আলোচনা হয়।

*************************

**Knockout Cricket :**

তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে আজ ব্লাডমাউথ ক্লাব খেলবে জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। নরসিংগড়ের টি আই টি মাঠে এই ম্যাচটি হবে।

*************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে ঊনকোটি ও ধলাই জেলার কিছু কিছু জায়গায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া এবং বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

***************************